সমকাল

05 JUN 2016
পৃষ্ঠা ...২... কলাম ...৭...

# পরীক্ষা বাতিলের দাবি থেকেও সরে দাঁড়ালেন নার্সরা

■ সমকাল প্রতিবেদক

পিএসসির অধীনে গত শুক্রবার অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষা নিয়ে দ্বিধা-বিভক্তির পর আন্দোলনকারী নার্সদের অংশটি পরীক্ষা বাতিলের দাবি থেকেও সরে এসেছে। তারা নতুন করে কোনো কর্মসূচিও ঘোষণা করেননি। তবে নার্স নিয়োগে চলমান সংকট নিরসনে আন্দোলনকারীরা প্রধানমন্ত্রীর সুদৃষ্টি কামনা করেছেন। গতকাল শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) পূর্ব নির্ধারিত সংবাদ সম্মেলনে ডিপ্লোমা বেকার নার্সেস অ্যাসোসিয়েশনের মহাসচিব ফারুক হোসাইন এসব কথা জানান।

পিএসসির অধীনে পরীক্ষা বাতিল করে আগের মতো ব্যাচ, মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগের দাবি জানিয়ে ২৮ মার্চ থেকে লাগাতার আন্দোলনে করে আসছিলেন বেকার নার্সরা। তাদের আন্দোলনের মধ্যেই শুক্রবার পিএসসির অধীনে নার্স নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে আবেদনকারী ১৮ হাজার নার্সের মধ্যে ১১ হাজার ৪২৬ জন পরীক্ষায় অংশ নেন। ওইদিন ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল চত্বরে পরীক্ষা বাতিলের দাবিতে দিনভর মিছিল-সমাবেশ করেন নার্সরা। বিকেলে কর্মসূচি স্থগিত করে শনিবার সংবাদ সম্মেলনের ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৭

## পরীক্ষা বাতিলের

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

মাধ্যমে পরবর্তী কর্মসূচির ঘোষণার কথা জানান।

লিখিত বক্তব্যে ফারুক হোসাইন বলেন, নার্স নিয়োগ নিয়ে চলমান সংকটের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর সঙ্গে আমরা একবার দেখা করতে চাই। প্রধানমন্ত্রী যা বলবেন, আমরা তাই মেনে নেব। এ সময় যারা পরীক্ষায় অংশ নেননি তাদের আবেদনের সুযোগ দাবি করেন তিনি।

আন্দোলনকারী নার্সদের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের আহ্বান জানিয়ে ফারুক হোসাইন বলেন, আমাদের শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশ হামলা করেছে। এর পরও আমাদের বিরুদ্ধে হয়রানিমূলক মিথ্যা মামলা দেওয়া হয়েছে। পুলিশ ফোন করে গ্রেফতারের হুমকি দিচ্ছে।

সংবাদ সম্মেলনে ডিপ্লোমা বেকার নার্সেস অ্যাসোসিয়েশনের সহসভাপতি রোকসানা পারভীন, মহাসচিব ফারুক হোসাইন, বেসিক গ্র্যাজুয়েট নার্সেস সোসাইটির সভাপতি রাজীব কুমার বিশ্বাস, সাধারণ সম্পাদক নাহিদা আক্তার প্রমুখ উপস্থিত ছিলেন।